# টাইপ ইনডেক্‌স

এই পদ্ধতিটি প্রথম প্রচলিত হয় ফিনল্যান্ডে। ১৮৩১ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয় 'ফিনিশ লিটারারি সোসাইটি'। এই সংস্থা গড়ে তুলেছিলেন বিশ্ববিদ্যালয়ের কিছু তরুণ অধ্যাপক। উচ্চতর সাহিত্যের গবেষণার পাশাপাশি এঁরা লোকসংস্কৃতির চর্চায় ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেন। ১৮৩৬ খ্রিস্টাব্দে এঁরা দেশের মানুষের কাছে আবেদন জানালেন, তাঁরা যেন সাধ্য অনুযায়ী লোকসংস্কৃতির বিভিন্ন উপাদান সংস্থার কাছে পাঠিয়ে দেন। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সংগ্রহ বিষয়ে শিক্ষিত করে বৃত্তি দিয়ে দেশের নানা প্রান্তে পাঠিয়ে দিলেন। তাঁরাও বিপুল উপাদান সংগ্রহ করলেন।

আর এইসব সংগ্রহকে বিশ্লেষণ করবার তাগিদেই নানা পদ্ধতির জন্ম হয়। এমনই একটি সমৃদ্ধ পদ্ধতি হল টাইপ ইনডেক্‌স।

এই পদ্ধতির আবিষ্কর্তা এন্টি আর্নে। তাঁর জন্ম ১৮৬৭ খ্রিস্টাব্দে। এই শ্রেণিবিন্যাস করবার দায়িত্ব দিয়েছিলেন হেলসিংকি বিশ্ববিদ্যালয়ের তুলনামূলক লোকসংস্কৃতির অধ্যাপক কার্লে ক্রোন। অন্যান্য অনেকের সহযোগিতায় টাইপ ইনডেক্‌স তালিকা তৈরি করলেন এন্টি আর্নে।

তালিকা তৈরির সময়েই এন্টি আর্নে উপলব্ধি করেছিলেন যে, তাঁর তালিকা কখনই সম্পূর্ণ নয়। ১৯২৬ সালে তালিকার সম্পূর্ণতা দানের দায়িত্ব দেওয়া হয় আমেরিকার লোকসংস্কৃতিবিদ স্টিথ টমসনের ওপরে।

দুবছরের অক্লান্ত পরিশ্রমের পরে ১৯২৮ সালে প্রকাশিত হল 'দ্য টাইপস অব দ্য ফোকটেল'। আর্নে-টমসন যুগ্ম নামে অমর হয়ে রয়েছে এই গ্রন্থ।

আর্নে-টমসন-এর বিজ্ঞাননির্ভর এই টাইপ ইনডেক্‌স পদ্ধতি প্রকাশিত হওয়ার পর থেকেই গোটা বিশ্বে লোককথার শ্রেণিবিন্যাসে এই পদ্ধতি ব্যাপকভাবে প্রয়োগ করা হয়।

টাইপ ইনডেক্‌সের সংজ্ঞায় বলা হয়েছে— A type is a traditional tale that has an independent existence. It may be told as a complete narrative and does not depend for its meaning on any other tale, but the fact that it may appear alone attests its independence. It may consist of only one motif or of many.

লোককথার মেজাজ ও চরিত্র বিচার করলে দেখা যাবে যে, এক-একটি লোককথা এক-একটি টাইপ বা বৈশিষ্ট্যে চিহ্নিত। একটি নির্দিষ্ট টাইপ

বেছে নিয়ে আমরা জানতে পারব বিশ্বের আর কোথায় কোথায় এই লোককথাটি প্রচলিত রয়েছে, এর সম্ভাব্য উৎসস্থান কিংবা উৎসস্থানগুলি আবিষ্কার করা সম্ভব।

এন্টি আর্নে-স্টিথ টমসন টাইপ ইনডেক্স এইভাবে সাজিয়েছেন:

১. পশুকথা

১-৯৯ বন্য বশু

১০০-১৪৯ বন্য পশু ও গৃহপালিত পশু

১৫০-১৯৯ মানুষ ও বন্য পশু

২০০-২১৯ গৃহপালিত পশু

২২০-২৪৯ পাখি

২৫০-২৭৪ মাছ

২৭৫-২৯৯ অন্যান্য জন্তু

২. সাধারণ লোককথা

৩০০-৩৯৯ অলৌকিক বাধা

৪০০-৪৫৯ অলৌকিক বা মোহময়-মোহময়ী স্বামী-স্ত্রী

৪৬০-৪৯৯ অসাধ্য-সাধন

৫০০-৫৫৯ অলৌকিক সাহায্যকারী ও সাহায্যকারিণী

৫৬০-৬৪৯ জাদু বা ঐন্দ্রজালিক বস্তু

৬৫০-৬৯৯ অলৌকিক শক্তি বা জ্ঞান

৭০০-৭৪৯ অন্যান্য অলৌকিক কাহিনি

৭৫০-৮৪৯ ধর্মীয় ও নীতিমূলক কাহিনি

৮৫০-৯৯৯ রোমান্টিক কাহিনি

১০০০-১১৯৯ বোকা রাক্ষসের কাহিনি

৩. হাসি ও পারিবারিক কাহিনি

১২০০-১৩৪৯ বোকার কাহিনি

১৩৫০-১৪৩৯ স্বামী-স্ত্রী

১৪৪০-১৫২৪ একজন নারীর কাহিনি

১৫২৫-১৮৭৪ একজন পুরুষের কাহিনি

১৮৭৫-১৯৯৯ মিথ্যেবাদীর কাহিনি

২০০০-২৩৯৯ সূত্রমূলক কাহিনি

২৪০০-২৪৯৯ অশ্রেণিভুক্ত কাহিনি

এই তালিকাকে ক খ গ ঘ ঙ প্রভৃতির সাহায্যে সম্প্রসারিতও করা যায়। বর্তমান গ্রন্থে অনেক লোককথা রয়েছে, কোনোটি সম্পূর্ণ আবার কোনোটি আংশিক। তাদের কিছু সংখ্যকের টাইপ ইনডেক্স দেওয়া হল। এসব কাহিনির মধ্যে কীভাবে লৌকিক উপাদান রয়েছে পাঠক তা জানতে পারবেন।

| | |
|---|---|
| ১ | শেয়ালের দ্বৈত চরিত্র |
| ৫গ | ডাঙায় উঠে দে চম্পট |
| ৯গ | ফসলের ভাগাভাগিতে শেয়াল পেল রসালো অংশ আর কুমির পেল শুকনো অংশ |
| ১৫ | বেড়াল ও ইঁদুরের বন্ধুত্ব |
| ১৫গ | শেয়াল পিঠে চুরি করে |
| ৩৪গ | কুকুর প্রতিবিম্ব দেখে মুখের মাংসের টুকরো হারায় |
| ৫১ | সিংহভাগ |
| ৫৬গ | শেয়ালপণ্ডিত |
| ৫৯ | আঙুর ফল টক |
| ৭৫ | দুর্বল প্রাণীর সাহায্য |
| ৭৭ক | ঝরনার ধারে হরিণ শিং-এর প্রশংসা করে |
| ৯২ | নিজের প্রতিবিম্ব দেখে সিংহ লাফিয়ে পড়ে |
| ১০৩ | বন্য পশু অপরিচিত পশুকে দেখে ভয়ে পালায় |
| ১০৫ | বেড়ালের একমাত্র কৌশল |
| ১০৫গ | শেয়াল ও কুকুর |
| ১১৩খ | ভণ্ড শেয়াল |
| ১৩০ | নির্বাসিত পশু |
| ১৫০ | শেয়ালের উপদেশ |
| ২৭৫গ | খরগোশ ও শজারুর দৌড় |
| ৩০৩ | দুই একাত্মা ভাই |
| ৩০৩ক | সহোদর |
| ৩০৪ | শিকারি |

| | |
|---|---|
| ৩৩৩ | মৃত রাজপুত্র জীবন ফিরে পায় |
| ৪০২ | পশু-বউ |
| ৪০৩ক | ইচ্ছার সফল পরিণতি |
| ৪১০ | ঘুমন্ত রূপবতী |
| ৪৩০ | গাধা |
| ৪৬০খ | ভাগ্যের অন্বেষণে যাত্রা |
| ৪৭০ | প্রাণের বন্ধু |
| ৫০২ | বুনো মানুষ |
| ৫০২গ | যাযাবর মানুষ |
| ৫১৬ | বিশ্বাসী বন্ধু |
| ৫৫৪ক | মহৎ পাখি |
| ৫৬৩ | জাদু-উপহার |
| ৫৯০ঘ | রাজকন্যা ও ডাকাতদল |
| ৬৫৫ | বুদ্ধিমান দুই ভাই |
| ৬৭০ | পশুর ভাষা |
| ৭২৫ | স্বপ্ন |
| ৭২৫ঘ | দুঃস্বপ্ন |
| ৭৩৬ | ভাগ্য ও সম্পদ |
| ৭৫০ক | ইচ্ছাপূরণ |
| ৮৪০ | মানুষের পাপের শাস্তি |
| ৮৮৮ | পতিব্রতা স্ত্রী |
| ৯৩০ | ভবিষ্যৎ-বাণী |
| ১৩৮০ | স্বৈরিণী |
| ১৫২৭ | ডাকাতরা প্রতারিত হয় |
| ১৫৩৯ | চাতুর্য ও প্রতারণা |
| ১৬৮৮ | অশুভ প্রেমপ্রার্থনা |
| ১৭৪১ | প্রতারক বউ |
| ২২০০ | সূত্রাকার কাহিনি |
| ২২৫০ | অসমাপ্ত কাহিনি |
| ২৩০০ | যে কাহিনির শেষ নেই |

আলোচ্য গ্রন্থে অনেক লোককথা কিংবা লোককথার অংশ দেওয়া হয়েছে। সেসব লোককথার মধ্যে যেসব মোটিফ রয়েছে তার আংশিক তালিকা দেওয়া হল। পাঠক মোটিফগুলির মাধ্যমে লৌকিক ঐতিহ্যের বিষয়টি উপলব্ধি করতে পারবেন।

এ. লোকপুরাণ

| | |
|---|---|
| এ২১.১ | নারী ও পুরুষ সৃষ্টিকর্তা |
| এ১২৩.২.১.২ | চতুর্মুখ দেবতা |
| এ১২৩.৫.১ | বহুভুজ দেবতা |
| এ১২৪.১ | অগ্নিলোচন দেবতা |
| এ১৩১ | পশু-আকৃতির দেবতা |
| এ১৩২ | পশুর রূপে দেবতা |
| এ১৩৩ | দানবরূপী দেবতা |
| এ১৩৬.১.৩ | বৃষবাহন দেবতা |
| এ১৫১ | দেবতাদের আবাসস্থল |
| এ১৬২ | দেবতাদের মধ্যে বিরোধ |
| এ১৬২.১ | দেব-দানবে যুদ্ধ |
| এ১৬৫.২ | দেবদূত |
| এ৩১৫ | পাতালের দেবী |
| এ৪৮৭ | মৃত্যুর দেবতা |
| এ৬১০ | সৃষ্টিকর্তা বিশ্ব সৃষ্টি করলেন |
| এ৬৬১ | স্বর্গ |
| এ৭০১ | আকাশের সৃষ্টি |
| এ৭১০ | সূর্যের সৃষ্টি |
| এ৮০০ | পৃথিবীর সৃষ্টি |
| এ১০১০ | প্রলয় • |
| এ১১৭২ | দিন ও রাতের নির্ধারণ |
| এ১২০০ | মানুষের জন্ম |
| এ১২৪১ | মাটি থেকে মানুষের জন্ম |
| এ১৩৩৫ | মৃত্যুর সৃষ্টি |

| | |
|---|---|
| ডি১০৭৬ | জাদুআংটি |
| ডি১২২৩.১ | জাদুবাঁশি |
| ডি১২৭৩.১ | জাদুপ্রয়োগ |
| ডি১৩৪৭.৩ | জাদুওষুধ বন্ধ্যাকে সন্তানবতী করে |
| ডি১৩৪৭.৮ | ফল-বাটা খেয়ে বন্ধ্যা সন্তানবতী হয় |
| ডি১৬১০.২ | কথাবলা গাছ |
| ডি১৭১২ | ভবিষ্যৎ-বক্তা |
| ডি১৯৬০.৩ | ঘুমন্ত রূপবতী |

ই. মৃত

| | |
|---|---|
| ই০ | পুনর্জীবন |
| ই২১ | বিপজ্জনক বস্তুটি সরিয়ে প্রাণ ফিরে পাওয়া |
| ই১২১.১ | দেবতার কৃপায় পুনর্জীবন |
| ই৬০০ | পুনর্জন্ম |
| ই৬৭১ | বারবার জন্মগ্রহণ |

এফ. অসাধ্য-সাধন

| | |
|---|---|
| এফ০ | অন্যজগতে পাড়ি |
| এফ১১ | আকাশপথে যাত্রা |
| এফ১৬ | চাঁদের দেশে যাত্রা |
| এফ২০০ | পরি |
| এফ২৫২.২ | পরিরানি |
| এফ২৬১ | নৃত্যরতা পরি |
| এফ২৬৫ | স্নানরতা পরি |
| এফ৩০৩ | পরির সঙ্গে মানুষের বিয়ে |
| এফ৪৫১ | বামনাকৃতি |
| এফ৫৭৪.১ | চোখ-ধাঁধানো রূপ |
| এফ৫৭৫.১ | পরম রূপবতী কন্যা |
| এফ৮১৪.৩ | কথাবলা ফল |

# মোটিফ ইনডেক্স

টাইপ ইনডেক্স পদ্ধতি আলোচনার সময়েই এন্টি আর্নে মোটিফের বিষয়টিও উল্লেখ করেছিলেন। মোটিফের গুরুত্বের কথাও বলেন।

পরবর্তীকালে মোটিফ ইনডেক্সের কাজ বিচ্ছিন্নভাবে চলতে থাকে। স্টিথ টমসন ১৯৩২ সাল থেকে ১৯৩৬ সালের মধ্যে মোটিফ ইনডেক্সের তালিকা প্রকাশ করতে থাকেন দুটি প্রতিষ্ঠান থেকে। হেলসিংকির এফ এফ কমিউনিকেশন ও ইন্ডিয়ানা বিশ্ববিদ্যালয়ের স্টাডিস থেকে।

অবশেষে স্টিথ টমসন ১৯৫৫-৫৮ সালের মধ্যে প্রকাশ করলেন সম্পূর্ণ তালিকা। ছয় খণ্ডের এই 'মোটিফ ইনডেক্স অব ফোক লিটারেচার' প্রকাশিত হয় ইন্ডিয়ানা বিশ্ববিদ্যালয় প্রেস থেকে। লোকসংস্কৃতি-চর্চার পদ্ধতি বিশ্লেষণের সবচেয়ে পরিশ্রমসাধ্য গবেষণা।

মোটিফ ইনডেক্সের সংজ্ঞায় টমসন বলেছেন— A motif is the smallest element in a tale having a power to persist in tradition. In order to have this power it must have something unusual and striking about it.

পৃথিবীর সমস্ত জনগোষ্ঠীতে লক্ষ লক্ষ লোককথা ছড়িয়ে রয়েছে। এদের অধিকাংশের উৎপত্তি মৌখিক ঐতিহ্য থেকে। প্রত্যেকটি লোককথার এক বা একাধিক মূল বিষয় আছে। এই মূল বিষয়কে বলে মোটিফ। শব্দটি ফরাসি ভাষা থেকে গৃহীত। একটি লোককথাকে ভেঙে কাহিনি-ব্যবচ্ছেদ করলে তার এক বা একাধিক কাহিনি-অংশ পাওয়া যাবেই, সেই কাহিনি-অংশ বা কাহিনি-অংশসমূহকে মোটিফ বলা হয়। একটি লোককথার খণ্ড খণ্ড কাহিনি-অংশ সমগ্র কাহিনিকে অখণ্ড সূত্রে গড়ে তোলে।

মোটিফ ইনডেক্সকে টমসন ইংরেজি বর্ণমালার ক্রম অনুসারে ২৩টি বর্গে ভাগ করেছেন। ২৬টি বর্ণমালার মধ্যে তিনটি বাদ দিয়েছেন, ও, আই এবং ওয়াই। এমনভাবে বিষয়গুলি অন্তর্ভুক্ত করেছেন, মানবজীবন ও সমাজ-পরিবেশকে কেন্দ্র করে তার বাইরে আর কোনো বিষয় হতে পারে না। টাইপ ইনডেক্সে যেমন ক খ গ ঘ ঙ দিয়ে সম্প্রসারিত করার ব্যবস্থা রয়েছে, মোটিফ ইনডেক্সেও দশমিক চিহ্ন দিয়ে সম্প্রসারিত করার ব্যবস্থা রয়েছে।

জি. রাক্ষস-খোক্কস-দৈত্য-দানব-ডাইনি

| | |
|---|---|
| জি১০০ | দৈত্য |
| জি৩০৩ | মায়াবিনী রানি |
| জি৫০১ | বোকা রাক্ষস |
| জি৫৩৫ | রাজকন্যা রাক্ষসীকে হত্যা করার পথ বলে দেয় |

এইচ. পরীক্ষা

| | |
|---|---|
| এইচ৪০০ | সতীত্বের পরীক্ষা |
| এইচ৯০০ | অসাধ্যসাধন পরীক্ষা |
| এইচ১০১০ | অসম্ভব কাজ |
| এইচ১০১০.৩ | অজানা কাজ |
| এইচ১২১২ | অসুখের ভান করে কাউকে দূরে পাঠানো |
| এইচ১২৩৩ | অনুসন্ধানে সাহায্যকারী |
| এইচ১৩৭১ | অসম্ভব অভিযান |

জে. চালাক ও বোকা

| | |
|---|---|
| জে১৫৫ | নারীর কাছ থেকে জ্ঞান |
| জে১৫৫.২ | মায়ের কাছ থেকে জ্ঞান |
| জে১৫৭ | স্বপ্নের মাধ্যমে জ্ঞান |
| জে১১১২ | বুদ্ধিমতী বউ |
| জে১৭০৫.৩.১ | বোকা স্বামী |
| জে১৭০৫.৪ | বোকা বউ |
| জে১৭০৫.৫ | কৃপণ স্বভাবের মানুষ |
| জে২১৩০ | বোকা ব্যক্তিগত ক্ষতি উপেক্ষা করে |
| জে২১৬০ | অপরিণামদর্শিতা |

কে. প্রতারণা

| | |
|---|---|
| কে ১০০ | প্রতারণার মাধ্যমে লাভ |
| কে২৪২.১ | হিংসুটে বোনেরা |

| | |
|---|---|
| কে৩০১ | সুচতুর চোর |
| কে৩১১.৪.১ | সাধুর ছদ্মবেশে প্রতারক |
| কে৭৩৫ | ফাঁদে পেলে বন্দি করা |
| কে১২১০ | প্রতারিতা নায়িকা |
| কে১২১০.১ | নিগৃহীত প্রণয়ী |
| কে১২১০.৩ | প্রতারিতা ছোটরানি |
| কে১২১৮.৪ | ফাঁদে-পড়া উপপতি |
| কে১২১৮.৯ | ফাঁদে-পড়া বউ |
| কে১৫৩৮.২ | প্রতারণাময় অসুস্থতা |
| কে১৮১৭ | ভবঘুরের ছদ্মবেশ |
| কে১৮৬০ | সঠিক সময়ে প্রতারণা |
| কে২১১০.১ | নিন্দিতা বউ |
| কে২২১১ | বিশ্বাসঘাতক ভাইয়েরা |
| কে২২১১.০.৪ | বিশ্বাসঘাতক বন্ধু |
| কে২২১২.১ | বিশ্বাসঘাতিনী শাশুড়ি |
| কে২২১২.২ | বিশ্বাসঘাতিনী ননদ |
| কে২২১৩ | বিশ্বাসঘাতিনী বউ |
| কে২২২২ | বিশ্বাসঘাতিনী সতিন |
| কে২২৫২ | বিশ্বাসঘাতিনী দাসী |

## এল. ভাগ্যচক্র

| | |
|---|---|
| এল১০ | বিজয়ী কনিষ্ঠ পুত্র |
| এল১২৩ | কপর্দকশূন্য নায়ক |
| এল১২৩.৫ | ভাগ্যবিড়ম্বিত নায়ক |
| এল৪১২ | অবস্থার পরিবর্তন |
| এল৪৭৭ | অহংকারীর পতন |

## এম. ভাগ্য বা নিয়তিকে বশে আনা

| | |
|---|---|
| এম২০৫ | সংকল্প ভাঙা |
| এম৩০২.২ | মানুষের ভাগ্য পূর্ব-নির্ধারিত থাকে |

## বি. জীবজন্তু

| | |
|---|---|
| বি৪১.২ | পক্ষীরাজ ঘোড়া |
| বি১২০ | বুদ্ধিমান পশু |
| বি১২০.২ | বুদ্ধিমান শেয়াল |
| বি১২২.১ | যে পাখি উপদেশ দেয় |
| বি১৪৩ | জ্ঞানী পাখি |
| বি২১০ | কথাবলা পশু |
| বি২১১.১.৮ | কথাবলা গাধা |
| বি২১১.২.৮ | কথাবলা ইঁদুর |
| বি ২১১.৪ | কথাবলা বেড়াল |
| বি২১৫.১ | পাখির ভাষা |
| বি২৪০.৪ | পশুরাজ সিংহ |
| বি২৪০.৫ | বাঘ |
| বি৩০০ | সাহায্যকারী পশু |
| বি৫৫২ | পাখি-বাহিত মানুষ |
| বি৫৭১ | মানুষের জন্য পশু কাজ করে |

## সি. ট্যাবু বা নিষেধাজ্ঞা

| | |
|---|---|
| সি৫০ | নিষেধাজ্ঞা: দেবতাকে বিরূপ করা |
| সি২০০ | নিষিদ্ধ ফল |
| সি৬১৪ | নিষিদ্ধ পথ |
| সি৯৩০ | নিষেধাজ্ঞা ভঙ্গের জন্য ভাগ্যহীন |

## ডি. ঐন্দ্রজালকতা বা জাদু

| | |
|---|---|
| ডি৬১০ | বারবার রূপ পরিবর্তন |
| ডি৮০০ | জাদুবস্তু |
| ডি৮১১ | দেবতার কাছ থেকে জাদুবস্তু পাওয়া |
| ডি৯৬৭ | জাদুশেকড় |
| ডি৯৬৮ | জাদুফল |
| ডি১০৫২ | জাদুপোশাক |

| | |
|---|---|
| টি৫১১.১ | ফল খেয়ে গর্ভবতী |
| টি৬৮৫ | যমজ |

### ভি. ধর্ম

| | |
|---|---|
| ভি৫০ | প্রার্থনা |
| ভি২২২ | ধার্মিক ব্যক্তি |
| ভি৩০০ | ধর্মবিশ্বাস |

### ডাবলিউ. চারিত্রিক গুণ বা বৈশিষ্ট্য

| | |
|---|---|
| ডাবলিউ১১ | উদারতা |
| ডাবলিউ১৫২ | কৃপণতা |
| ডাবলিউ১৫৪ | কৃতজ্ঞতাবোধ |

## আর. বন্দি ও পলাতক

| | |
|---|---|
| আর১১০ | বন্দির মুক্তি |
| আর১১১ | বন্দিনী মেয়ের মুক্তি |
| আর১৫২ | বউ স্বামীকে মুক্ত করে |

## এস. অস্বাভাবিক নিষ্ঠুরতা

| | |
|---|---|
| এস১১ | নিষ্ঠুর পিতা |
| এস৩১ | নিষ্ঠুর সৎমা |
| এস৫১ | নিষ্ঠুর শাশুড়ি |
| এস১৪৩ | বনে নির্বাসন |
| এস৪০০ | যন্ত্রণাদায়ক শাস্তি |

## টি. যৌনবিষয়ক

| | |
|---|---|
| টি১৫ | প্রথম দেখাতেই প্রেম |
| টি২৪.১ | প্রেম-কাতরতা |
| টি৩২ | প্রেমিক-প্রেমিকার দেখা হয় |
| টি৫৩ | ঘটক |
| টি৫৭ | প্রেম-ঘোষণা |
| টি৮১ | প্রেমের ফলে মৃত্যু |
| টি৯১ | অসম প্রেম |
| টি৯৭ | বাবা মেয়ের বিয়ের বিরোধিতা করে |
| টি১২১ | অসম বিয়ে |
| টি২৩২.২ | ব্যভিচারিণী নারী জঘন্য উপপতিকে পছন্দ করে |
| টি২৫৩ | জ্বালাতন-করা বউ |
| টি২৫৬ | ঝগরুটে বউ |
| টি২৫৭ | হিংসুটে স্বামী |
| টি২৫৭.১ | বড় রানিরা ছোট রানিকে হিংসে করে |
| টি২৫৭.২ | সতিনের প্রতি হিংসা |
| টি৪৭১ | ধর্ষণ |

| | |
|---|---|
| এম৩৬১ | ভাগ্যবান নায়ক |
| এম৪১১.১২ | ডাইনির অভিশাপ |

### এন. অদৃষ্ট বা কপাল

| | |
|---|---|
| এন১০১ | নিষ্ঠুর নিয়তি |
| এন২০৩ | ভাগ্যবান মানুষ |
| এন২৫০ | ধারাবাহিক মন্দ কপাল |
| এন৩৬৫ | না জেনে ব্যভিচারে লিপ্ত হওয়া |
| এন৩৯১ | ভবিষ্যৎ-বাণী মিলে যাওয়া |
| এন৮১০ | অলৌকিক সাহায্যকারী |

### পি. সমাজ

| | |
|---|---|
| পি১৬.৪.১ | সতী |
| পি১৮.৩ | অসতী |
| পি২৫৩ | ভাই ও বোন |
| পি৩১০ | বন্ধুত্ব |
| পি৫২২ | আদালত |

### কিউ. পুরস্কার ও শাস্তি

| | |
|---|---|
| কিউ২ | দয়ালু ও নির্দয় |
| কিউ৪২ | উদারতার পুরস্কার |
| কিউ২০০ | পাপের শাস্তি |
| কিউ২২০ | অধর্মের শাস্তি |
| কিউ ২৪১ | ব্যভিচারের শাস্তি |
| কিউ২৮১ | অকৃতজ্ঞতার শাস্তি |
| কিউ ২৮৫ | নিষ্ঠুরতার শাস্তি |
| কিউ ৩৩১ | অহংকারের শাস্তি |